

ঢাকা ওয়াসা

সংযুক্তিঃ

১। টেকনিক্যাল স্পেসিফিকেশন।

২। পূর্বানুমোদিত এবং প্রাপ্ত দরসমূহ।

৩। প্রস্তাবিত প্রাক্কলন।

৪। ২০২৫-২৬ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের কপি।

৫। ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার কপি।

বিষয়ঃ Maintenance & servicing of Easy bike under SKWP কাজের অস্থায়ী অগ্রীম অনুমোদন প্রদর্শন।

অনুচ্ছেদঃ১

সভার-কেরানীগঞ্জ ওয়েলফিন্ড প্রাণ্টে ২ টি আয়রন রিমুভাল প্লান্ট, ৪৫ টি গভীর নলকূপ (১টি নলকূপের কাজ অসমাপ্ত রয়েছে) ও ২ টি ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপ-কেন্দ্রসহ অন্যান্য স্থাপনা সমূহ পরিচালনা ও পর্যবেক্ষণ করার জন্য আধুনিক অটোমোটেড ক্যান্ডা সিস্টেম রয়েছে। প্লান্টের পানি উৎপাদন লক্ষ্যমাত্রা দৈনিক ২৫ কোটি লিটার। দৈনিক সকল গভীর নলকূপ হতে ২৬ কি.মি. পাইপ লাইনের মাধ্যমে অপরিশোধিত পানি সংগ্রহ করে পরিশোধন করা হয়। পরিশোধন শেষে আয়রন রিমুভাল প্লান্ট-১ এর Over Ground Reservoir (OGR) হতে বুস্টারিং করে ১২০০ মিঃমিঃ ব্যাসের পাইপ দিয়ে ভাকুতা, মোগড়াকান্দা, আমিনবাজার, গাবতলী হয়ে মীরপুর (মডস জোন-৪, মডস জোন-১০) এলাকায় দৈনিক পানি সরবরাহ করা হয়।

উল্লেখ্য, অত্র প্লান্টের আওতাধীন দুইটি Iron Removal Plant (IRP), ১টি Over Ground Reservoir (OGR), ১টি বুস্টার পাম্পিং স্টেশন এবং ৪৬ (৪৫) টি গভীর নলকূপ পাম্প স্টেশন রয়েছে। ২৫ বর্গ কিলোমিটার বিশাল এলাকা বিস্তৃত স্থাপনাসমূহে সার্বিক ব্যবস্থাপনা পরিচালনা করে রাজধানী ঢাকায় পানি সরবরাহ করা হয়। প্রতিটি পানির পাম্পে নিয়মিত প্রিভেন্টিভ মেইন্টেনেন্স, জেনারেটর গোড টেষ্ট রান, পাম্প বুট বরাবরে ওভার হেড বৈদ্যুতিক লাইনের আর্থ ফল্ট রিমুভ এবং টি-ট্রিমিং কাজসহ কুইক রেসপন্স টিমের ইমারজেন্সি যাতায়াতের প্রয়োজন হয়। প্রয়োজনীয় টুলস ও মালামাল নিয়ে পাম্পগামী সংকীর্ণ রাস্তায় ৩-৪ জন যাতায়াতের জন্য অত্র বিভাগে দুইটি ব্যাটারী চালিত অটোরিক্সা/ইজি বাইক রয়েছে। প্রতিটি ইজি বাইক 12 V, 140 Ah এর চারটি ব্যাটারী দ্বারা পরিচালিত হয়। সম্প্রতি ব্যাটারী নষ্ট হওয়ায় অটোরিক্সা/ইজি বাইক দুটি অকেজো রয়েছে। এছাড়াও বাইক দুটির বডি ভাঙা, হেড লাইট নষ্ট, টায়ার ফাটা এবং বেল্টের হড ছিড়ে গিয়েছে। অপারেশন ও মেইন্টেনেন্স টিমের কাজের স্বার্থে এবং ব্যয় সাশ্রয়ী, বর্ণিত সমস্যা সমূহ সমাধান করে ইজি বাইক কার্যপোষ্য হতে।

অনুচ্ছেদঃ২

সেলেক্টেড, বর্ণিত কাজের জন্য সংযুক্তি-১ এর স্পেসিফিকেশন মোতাবেক পূর্বানুমোদিত দর এবং ওয়ার্কসপ হতে দর সংগ্রহ করা হয়েছে (সংযুক্তি-২ এ পূর্বানুমোদিত এবং প্রাপ্ত দরের কপি)। কাজটি সম্পন্ন করতে পূর্বানুমোদিত এবং প্রাপ্ত দর ধরে প্রাক্কলিত মূল্য দাঁড়িয়েছে ৮.৩৮,৮৫০.০০/- (টাকা আটত্রিশ হাজার আটশত পঞ্চাশ) টাকা মাত্র (সংযুক্তি ক্রমিক নং-৩)। কাজের ব্যয়ভার অত্র বিভাগের ২০২৫-২০২৬ ইং অর্থ বছরের বাজেট বরাদ্দের পরিচালন ব্যয়ের ক্রমিক নং-০৭ এর “পানি ও পয়ঃশোধনাগার (ও এন্ড এম)” খাত হতে বহন করা হবে (সংযুক্তি ক্রমিক নং-৪)। যাহা অনুমোদিত ক্রয়-পরিকল্পনায় ক্রমিক নং-১৭৭ হিসাবে অর্ন্তভুক্ত (সংযুক্তি-৫)। কাজটি PPO-2025 (Revised) এবং PPR-2025 এর বিধি ১০০ মোতাবেক অস্থায়ী অগ্রীম হিসাবে সম্পন্ন করে প্রকৃত বিল, ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

অনুচ্ছেদঃ৩

এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১ ও ২ এর বর্ণনার প্রেক্ষিতে ঢাকা ওয়াসার সভার-কেরানীগঞ্জ ওয়েলফিন্ড প্রাণ্টের আওতায় Maintenance & servicing of Easy bike under SKWP শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবনাসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারেঃ

ক) কাজটি PPO-2025 (Revised) এবং PPR-2025 এর বিধি ১০০ মোতাবেক অস্থায়ী অগ্রীম হিসাবে বাস্তবায়নের অনুমোদন।

খ) প্রাক্কলিত ৮.৩৮,৮৫০.০০/- (টাকা আটত্রিশ হাজার আটশত পঞ্চাশ) টাকার অস্থায়ী অগ্রীমের প্রাক্কলন অনুমোদন।

গ) উক্ত কাজের ব্যয়ভার অত্র বিভাগের ২০২৫-২০২৬ ইং অর্থ বছরের বাজেট বরাদ্দের পরিচালন ব্যয়ের ক্রমিক নং-০৭ এর “পানি ও পয়ঃশোধনাগার (ও এন্ড এম)” খাত হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

MD
03.02.2026
মোঃ রেজাউল করিম
উপ-সহকারী প্রকৌশলী
সভার-কেরানীগঞ্জ ওয়েলফিন্ড প্রাণ্ট, ঢাকা ওয়াসা।

AE
03/02/26
সুদীপ্ত কুমার ঘোষা
সহকারী প্রকৌশলী
সভার-কেরানীগঞ্জ ওয়েলফিন্ড প্রাণ্ট, ঢাকা ওয়াসা।

SE
03.02.2026
নামিজ ইমতিয়াজ
নির্বাহী প্রকৌশলী
সভার-কেরানীগঞ্জ ওয়েলফিন্ড প্রাণ্ট, ঢাকা ওয়াসা।

SE
03.02.2026
মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃশোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।

৪। উপরোক্ত অনুমোদন করা হইল,

Xen SKWP
03.02.26
শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

03.02.26
শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।